# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## প্রধান শিক্ষকের কার্যালয়
## অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়
## ব্রাহ্মণবাড়িয়া।
## স্থাপিত: ১৮৭৫ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি নম্বর: ০১/২০২৫ তারিখ: ২২.০১.২০২৫

## নিলাম বিজ্ঞপ্তি

অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এর নতুন দশ তলা ভবন নির্মাণের লক্ষ্যে উত্তর ও উত্তর-পশ্চিম দিকের ০১, ০২, ০৩ ও ০৪ নং ভবনসমূহ এবং ৫নং কলামে বর্ণিত বৃক্ষসমূহ (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী দরদাতাদের কাছ থেকে নির্ধারিত দরপত্র ফরমে সিলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্ন বর্ণিত সময়সূচি অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া অথবা নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া অঞ্চল অথবা প্রধান শিক্ষকের কার্যালয়, অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া থেকে ১০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ফরম সংগ্রহ করা ও জমা দেয়া যাবে।

| ক্রমিক নং | কাজের নাম ও বিবরণ | কাজের অবস্থান | কার্য সম্পাদনের সময়সীমা |
|---|---|---|---|
| ১ | একতলা ভবন ২৬১ বর্গমিটার | অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়ের সীমানার ভিতরে উত্তর-পশ্চিম দিকে | ৩০ দিন |
| ২ | দোতলা ভবন ২৭৫.৪০ বর্গমিটার | অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়ের সীমানার ভিতরে উত্তর দিকে | ৩০ দিন |
| ৩ | টিনশেড শ্রেণি কক্ষ ৮৯.০১ বর্গমিটার | অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়ের সীমানার ভিতরে উত্তর দিকে | ১৫ দিন |
| ৪ | টিনশেড ব্যায়ামাগার ১৭৮.৫৬ বর্গমিটার | অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়ের সীমানার ভিতরে উত্তর দিকে | ১৫ দিন |
| ৫ | বিভিন্ন জাতের ১৩টি গাছ ১৯১.৩৭ ঘনফুট কাঠ, জ্বালানি ২৮৮ ঘনফুট এবং বল্লী ৬টি | অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়ে ১০তলা ভবন নির্মাণ স্থলে | ১৫ দিন |

| দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|
| ০২/০২/২০২৫ থেকে ১৩/০২/২০২৫ পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২.০০ টা | ১৭/০২/২০২৫ তারিখ দুপুর ২.০০টা পর্যন্ত | ১৮/০২/২০২৫ দুপুর ১২.০০টা প্রধান শিক্ষকের কার্যালয় |

২৮/০১/২০২৫

(মো. জাকির হোসেন সরকার)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
ও
সদস্য সচিব, কনডেমনেশন কমিটি
পুরাতন জরাজীর্ণ ভবনসমূহ ও বৃক্ষ অপসারণ

স্মারক নং: অসউবি.০১৩ (০৪).২০২৫ তারিখ: ২২.০১.২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরর, বাংলাদেশ, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৫। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া অঞ্চল।
৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
৭। অফিস নথি।

২৮/০১/২০২৫

(মো. জাকির হোসেন সরকার)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
ও
সদস্য সচিব, কনডেমনেশন কমিটি
পুরাতন জরাজীর্ণ ভবনসমূহ ও বৃক্ষ অপসারণ

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# প্রধান শিক্ষকের কার্যালয়
# অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়
# ব্রাহ্মণবাড়িয়া।
# স্থাপিত: ১৮৭৫ খ্রি.

## নিলাম দরপত্রের শর্তাবলী

০১. নিলাম দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিকে ১০০০/- (এক হাজার) টাকা নগদ জমা দিয়ে জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া অথবা নির্বাহী প্রকৌশলী কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া অঞ্চল অথবা প্রধান শিক্ষকের কার্যালয়, অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া থেকে দরপত্র সিডিউল সংগ্রহ করতে হবে।

০২. দরপত্র সিডিউলের সাথে জামানত বাবদ দাখিলকৃত মূল্যের ২০% (শতকরা বিশ ভাগ) অর্থ প্রধান শিক্ষক, অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া বরাবরে পে অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।

০৩. দরপত্র দাতাকে সরকার নির্ধারিত হারে ভ্যাট এবং আয়কর প্রদান করতে হবে।

০৪. দরপত্র দাতাকে দরপত্রের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। স্বাক্ষরবিহীন দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫. সর্বোচ্চ দরদাতাকে (যথাযথ যাচাই-বাছাইয়ের পর) ০৭ দিনের মধ্যে সকল অর্থ (এককালীন) সরকারি কোষাগারে জমা দেওয়ার নিমিত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রধান শিক্ষক, অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া বরাবরে জমা দিতে হবে। অতঃপর ভবন ভেঙ্গে নেওয়ার জন্য কার্যাদেশ প্রদান করা হবে।

০৬. কার্যাদেশ প্রদানের পর নিলাম বিজ্ঞপ্তিতে উল্লিখিত স্থাপনা ও বৃক্ষসমূহ নিজ খরচে নির্ধারিত সময়ের মধ্যে অপসারণ করতে হবে।

০৭. ভবন ভেঙ্গে নেওয়ার সময় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে যাতে কোন প্রাণহানি না ঘটে এবং গাছ বা পার্শ্ববর্তী অন্যান্য ভবনাদি, সীমানা প্রাচীর ইত্যাদি সরকারের কোন রূপ ক্ষতি সাধিত না হয়। এরূপ কোন ক্ষতি সাধিত হলে দরপত্রদাতা সকল ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবেন।

০৮. ভুল/মিথ্যা/ঘষামাজা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৯. নিলাম দরপত্র জমাদানের পূর্বে দরপত্রদাতাকে নিলামকৃত ভবন সরেজমিনে পরিদর্শন করে দরপত্র প্রদানের অনুরোধ করা হলো। পরবর্তীতে এ সংক্রান্ত কোন আবেদন/নিবেদন গ্রহণযোগ্য হবে না।

১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা স্থগিত/বাতিল বা যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মো. জাকির হোসেন সরকার)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
স্থানীয় কনডেমনেশন কমিটি
অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া